গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর**
অপারেশন ও সমন্বয়শাখা
www.gsb.gov.bd

# বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের ফেব্রুয়ারি/২০২১ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

**সভাপতি** : **ড. মহঃ শের আলী**
**মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)**
**তারিখ** : **২৩ ফেব্রুয়ারি, ২০২১**
**সময়** : **বিকাল ০৩:০০ ঘটিকা**
**স্থান** : **সভাকক্ষ**
**উপস্থিত সদস্য** : **পরিশিষ্ট-ক**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন। অতঃপর সভাপতি পরিচালক (অপারেশন ও সমন্বয়) কে কার্যসূচি অনুযায়ী আলোচনা শুরুর অনুরোধ করেন।

সভার আলোচ্য সূচিসমূহ:

(১) বিগত ২৫-০১-২০২১ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ।
(২) বিগত ২৫-০১-২০২১ তারিখের সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি ও নতুন বিষয়াদির পর্যালোচনা।

মহাপরিচালক পূর্ববর্তী সভার কার্যবিবরণী নিয়ে কোন সদস্যের দ্বিমত না থাকায় কার্যবিবরণী নিশ্চিত করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে পরিচালক (অপারেশন ও সমন্বয়) বিগত মাসের সমন্বয় সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন এবং উপস্থিত কর্মকর্তাগণ আলোচনায় অংশগ্রহণ করেন। আলোচ্যসূচি অনুযায়ী নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী শাখা |
|---|---|---|---|
| | **ভূবিজ্ঞান সংক্রান্ত** | | |
| ১। | আগামি ১৭-২৬ মার্চ মুজিব জন্ম শত বার্ষিকী ও স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী পালন উপলক্ষে গঠিত কমিটি তাদের কাজ করছে। এছাড়াও পূর্ববর্তী সভায় জনাব মোঃ আলী আকবর, পরিচালক (ভূতত্ত্ব), জিএসবি'র ৫০ বছর পূর্তি উদযাপনের প্রস্তাব করেন এবং মহাপরিচালক তার প্রস্তাবে সম্মতি প্রদানের পাশাপাশি উল্লেখ করেন, জিএসবি'র ৫০ বছর পূর্তি আরো বৃহৎ পরিসরে উৎযাপন করার ব্যবস্থা করা হবে এবং এ উপলক্ষে জিএসবি থেকে একটি ভূ-বৈজ্ঞানিক প্রকাশনার ব্যবস্থাও করা যেতে পারে। জনাব সালমা আক্তার, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, ৫০ বছর পূর্তি উপলক্ষে একটি প্রস্তুতি কমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহীত হয়েছিল। মহাপরিচালক উল্লেখ করেন, মুজিব জন্মশত বার্ষিকী ও স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উদযাপন সম্পন্ন হবার পরে এ বিষয়ে আলোচনা করা যাবে। | ক) পরবর্তী সভার পূর্বেই জিএসবি'র ৫০ বছর পূর্তি উপলক্ষে একটি প্রস্তুতি কমিটি গঠন করা হবে। | পরিকল্পনা ও বাস্তবায়ন শাখা |
| ২। | ২০২০-২১ অর্থবছরের বহিরঙ্গন কর্মসূচি সংক্রান্ত আলোচনাকালে পরিকল্পনা ও বাস্তবায়ন শাখার শাখা প্রধান জনাব মোহাম্মদ আবদুল আজিজ পাটোয়ারী পরিচালক (ভূতত্ত্ব) জানান, বর্তমানে দূর অনুধাবন এবং জিআইএস শাখা এবং ভূতাত্ত্বিক মানচিত্রায়ন এবং কোয়াটারনারি ভূতত্ত্ব শাখা হতে ২টি দল বহিরঙ্গণে অবস্থান করছে। এছাড়াও ভূতাত্ত্বিক মানচিত্রায়ন এবং কোয়াটারনারি ভূতত্ত্ব শাখা ও বৈশ্লেষিক রসায়ন শাখা হতে মোট ২টি দল বহিরঙ্গণে যাবার প্রস্তুতি নিচ্ছে। জনাব মোঃ আলী আকবর, পরিচালক (ভূতত্ত্ব) জানান, প্রস্তাবিত ড্রিলিং সংক্রান্ত কিছু আলোচনা প্রয়োজন। এ প্রেক্ষিতে মহাপরিচালক পরবর্তীতে আলোচনার পরামর্শ প্রদান করেন। | ক) পরিকল্পনা অনুযায়ী বহিরঙ্গন কর্মসূচি সম্পন্ন করতে হবে। | সকল শাখা |
| ৩। | বরিশাল, খুলনা, সাতক্ষীরা ও ফরিদপুর শহর এলাকায় চলমান Geo-information for Urban Planning and Adaptation to Climate Change, Bangladesh (GeoUPAC) প্রকল্প সংক্রান্ত আলোচনায় প্রকল্প | ক) জিএসবি'র জন্য ১টি তথ্যচিত্র তৈরিতে GeoUPAC প্রকল্প প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে। | GeoUPAC প্রকল্প এবং পরিকল্পনা ও |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী শাখা |
|---|---|---|---|
| | পরিচালক জনাব মোহাম্মদ আশরাফুল কামাল, পরিচালক (ভূতত্ত্ব) জানান, প্রকল্পের আওতায় আগামি ২৬ ফেব্রুয়ারি খুলনায় বহিরঙ্গণ কার্যক্রম পরিদর্শন ও ২৭ ফেব্রুয়ারি খুলনা সিটি করপোরেশনে সেমিনার অনুষ্ঠিত হবে। সেমিনারের প্রধান উদ্দেশ্য হচ্ছে তথ্য আদান প্রদান এবং ভবিষ্যৎ যোগাযোগ তৈরি করা। জিএসবি'র জন্য ১টি তথ্যচিত্র তৈরিতে GeoUPAC প্রকল্প হতে প্রয়োজনীয় সহায়তা প্রদানের বিষয়ে প্রকল্প পরিচালক জানান, তথ্যচিত্র তৈরিতে GeoUPAC প্রকল্প সহায়তা প্রদান করবে কিন্তু তথ্যচিত্রের বিষয়বস্তু ঠিক করে দিতে হবে। জনাব মোহাম্মদ আবদুল আজিজ পাটোয়ারী, পরিচালক (ভূতত্ত্ব) এ প্রেক্ষিতে জানান, তথ্যচিত্রের বিষয়বস্তু নির্বাচন করার জন্য একটি কমিটি গঠন করা যেতে পারে। | খ) তথ্যচিত্রের বিষয়বস্তু নির্বাচন করার জন্য একটি কমিটি গঠন করতে হবে। | বাস্তবায়ন শাখা |
| ৪। | জনাব মোঃ আলী আকবর, পরিচালক (ভূতত্ত্ব) জানতে চান, জিএসবি'র রাজস্ব বাজেটের গবেষণা খাতে যে টাকা বরাদ্দ আছে সেটা কিভাবে ব্যায় করা হবে। এ বিষয়ে তিনি মহাপরিচালকের দিক নির্দেশনা আশা করেন। জনাব মোহাম্মদ আবদুল আজিজ পাটোয়ারী, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, এ বিষয়ে বিস্তারিত আলোচনা প্রয়োজন। সংশ্লিষ্ট বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য একটি কমিটি গঠন করা যেতে পারে মর্মে তিনি মতামত প্রদান করেন। মহাপরিচালক পরবর্তীতে এ সংক্রান্ত আলোচনার পরামর্শ প্রদান করেন। | ক) পরবর্তী সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হবে। | |
| | **প্রশাসনিক আলোচনা** | | |
| ১। | জিএসবিতে মুজিব কর্নার স্থাপন কাজের অগ্রগতি সম্পর্কে মুজিব কর্নার স্থাপনের উপ-কমিটির সভাপতি জনাব আরিফ মাহমুদ, পরিচালক (ভূতত্ত্ব) জানান, মুজিব কর্নারের কাজ বর্তমানে অপারেশন ও সমন্বয় শাখায় প্রক্রিয়াধীন রয়েছে। অপারেশন ও সমন্বয় শাখার জনাব মোহাম্মদ আলমগীর কবীর, উপ-পরিচালক (ভূতত্ত্ব) বলেন, মুজিব কর্নারের টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন হয়েছে এবং দ্রুত কার্যাদেশ দেয়া হবে। এছাড়াও এপিএ ও শুদ্ধাচারের লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে মুজিব বর্ষ উৎযাপন কমিটি হতে পূর্ব পরিকল্পনা অনুযায়ী স্লোগান তৈরি করে প্রচারের ব্যবস্থা করা হবে মর্মে সভায় অবহিত করা হয়। | ক) পরিকল্পনা অনুযায়ী মুজিব কর্নার স্থাপনের কাজ এবং এপিএ ও শুদ্ধাচারের লক্ষ্যমাত্রা অর্জনের কাজ সম্পন্ন করতে হবে। | সংশ্লিষ্ট কমিটি ও উপ-কমিটি |
| ২। | এপিএর ৫০ জনঘন্টা প্রশিক্ষণের লক্ষ্যমাত্রা অর্জনের জন্য অভ্যন্তরীণ প্রশিক্ষণ প্রদানের বিষয়ে প্রকাশনা ও প্রশিক্ষণ শাখার শাখা প্রধান জনাব আরিফ মাহমুদ, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, বিগত সভার সিদ্ধান্ত মোতাবেক এপিএ, শুদ্ধাচার এবং মানসিক স্বাস্থ্য ও পুষ্টি সংক্রান্ত প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে। মহাপরিচালকের প্রশ্নের জবাবে এপিএর প্রশিক্ষণ সংক্রান্ত অগ্রগতি সম্পর্কে জনাব মোহাম্মদ আবদুল আজিজ পাটোয়ারী পরিচালক (ভূতত্ত্ব) জানান, জানুয়ারি মাস পর্যন্ত প্রশিক্ষণের অগ্রগতি ১৭.০। এ ধারা অব্যাহত থাকলে এপিএর লক্ষ্যমাত্রা অর্জন সম্ভব হবে। মহাপরিচালক জানতে চান, ল্যাবরেটরিতে যারা কাজ করেন তাদের প্রশিক্ষণের জন্য কি ধরনের ব্যবস্থা গ্রহন করা যায়। মহাপরিচালকের প্রশ্নের জবাবে প্রকাশনা ও প্রশিক্ষণ শাখার শাখা প্রধান জনাব আরিফ মাহমুদ, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, যেহেতু প্রতিটি ল্যাবরেটরির কাজ ভিন্ন এবং কাজের বিভিন্নতার কারণে কোন নির্দিষ্ট প্রতিষ্ঠানে এ ধরণের প্রশিক্ষণ আয়োজন একটু কষ্টসাধ্য। এ প্রেক্ষিতে মহাপরিচালক বলেন, প্রতিটি ল্যাবরেটরিতে সংযুক্ত জনবল তাদের কাজের ধরণ অনুযায়ী প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানের খোঁজ করে প্রকাশনা ও প্রশিক্ষণ শাখার সাথে যোগাযোগ করলে সংশ্লিষ্ট শাখা হতে তাদের প্রশিক্ষণের ব্যবস্থা করা সম্ভব হবে। জনাব আরিফ মাহমুদ, পরিচালক (ভূতত্ত্ব) উল্লেখ করেন, সকলকে নিয়ে পরীক্ষাগার রক্ষণাবেক্ষণের উপর অভ্যন্তরীণ একটি প্রশিক্ষণের ব্যবস্থা করা যেতে পারে। | ক) পরীক্ষাগারে সংযুক্ত জনবলের জন্য পরীক্ষাগার রক্ষণাবেক্ষণের উপর একটি অভ্যন্তরীণ প্রশিক্ষণ এবং ২য় শ্রেণির কর্মচারিদের জন্য e-nothi ও ibass++ সংক্রান্ত প্রশিক্ষণের আয়োজন করতে হবে।<br><br>খ) ল্যাবরেটরিতে সংযুক্ত জনবল তাদের কাজের ধরণ অনুযায়ী প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠানের খোঁজ করে প্রকাশনা ও প্রশিক্ষণ শাখার সাথে যোগাযোগ করবে। | প্রকাশনা ও প্রশিক্ষণ শাখা |
| ৩। | অফিসে কর্মকর্তা ও কর্মচারীদের নিয়মিত উপস্থিতির বিষয়ে ভিজিলেন্স কমিটির সভাপতি জনাব সৈয়দ নজরুল ইসলাম, পরিচালক (ভূতত্ত্ব) বলেন, ভিজিলেন্স কমিটির সদস্যরা প্রতি সপ্তাহে নিয়মিত সমগ্র অফিস পরিদর্শন করেন। এ ক্ষেত্রে তিনি সকল শাখা প্রধানদের সহযোগিতা কামনা করেন। তিনি আরো উল্লেখ | ক) অনিয়মিত অনুপস্থিতির জন্য কর্মকর্তা/কর্মচারীর নামে কারণ দর্শানোর নোটিশ দিতে হবে। | ভিজিলেন্স কমিটি ও অপারেশন ও সমন্বয় শাখা |

| ক্রম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী শাখা |
|---|---|---|---|
| | করেন, ১ জন কর্মকর্তা ও ১ জন কর্মচারীর নামে সংশ্লিষ্ট শাখা হতে অভিযোগ পাওয়া গিয়েছে। অভিযোগের ভিত্তিতে তিনি ঐ ২ জন কর্মকর্তা ও কর্মচারীকে ডেকে তাদের মৌখিক সতর্কতা প্রদান করেন। মহাপরিচালক পরবর্তীতে অনিয়মিত অনুপস্থিতির জন্য প্রয়োজনানুসারে কারণ দর্শানোর নোটিশ দিতে বলেন। | | |
| ৪। | আগামি ১৭-২৬ মার্চ মুজিব জন্ম শতবার্ষিকী ও স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উৎযাপন উপলক্ষে গঠিত স্মরণিকা কমিটির সভাপতি জনাব নিজাম উদ্দিন আহমেদ, পরিচালক (ভূ-পদার্থ) বলেন, ভু-বৈজ্ঞানিক প্রবন্ধের জন্য বিজ্ঞপ্তি দেয়া হয়েছে এবং ইতোমধ্যে কয়েকটি লেখা জমা পড়েছে। স্মরণিকার জন্য বাণী তৈরি করা হয়েছে। এছাড়াও জ্বালানি ও খানিজ সম্পদ বিভাগের জন্য টেলিফোন নির্দেশিকা তৈরির কাজ চলছে। মহাপরিচালক এ পর্যায়ে বলেন, ভু-বৈজ্ঞানিক প্রবন্ধের পাশাপাশি Scientific Research Methodology, বাংলাদেশে খনিজ সম্পদ প্রাপ্তি ও সম্ভাবনা, মুক্তিযুদ্ধে জিএসবি'র অবদান, ফিরে দেখা জিএসবি'র ৫০ বছর এ সকল বিষয়বস্তুর উপরে স্মরণিকায় লেখা থাকতে পারে। | ক) জিএসবি'র কর্মকর্তাদের থেকে ভু-বৈজ্ঞানিক প্রবন্ধের পাশাপাশি Scientific Research Methodology, বাংলাদেশে খনিজ সম্পদ প্রাপ্তি ও সম্ভাবনা, মুক্তিযুদ্ধে জিএসবি'র অবদান, ফিরে দেখা জিএসবি'র ৫০ বছর এ সকল বিষয়বস্তুর উপরে লেখা স্মরণিকায় রাখতে হবে। | মুজিব জন্ম শতবার্ষিকী ও স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উৎযাপন উপলক্ষে গঠিত স্মরণিকা কমিটি |

সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করা হয়।

১৬/০৩/২০২১

(ড. মহঃ শের আলী)
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

নং-২৮.০৫.০০০০.০০৪.০১.০৪৪.১৮/৭৭০

তারিখ: ১৬.০৩.২০২১ খ্রি.।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা (প্রযোজ্য ক্ষেত্রে) গ্রহণের জন্য প্রেরণ করা হল:-

১। সিনিয়র সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বিদ্যুৎ, জালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সভাপতি, আইসিটি ও ওয়েব টিম (জিএসবি'র ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ), জিএসবি, ঢাকা।
৩। শাখা প্রধান/প্রকল্প পরিচালক/সেল প্রধান ---------------------------------------------------জিএসবি, ঢাকা।
৪। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, জিএসবি, ঢাকা।

১৬/৩/২১

(মঈনউদ্দিন আহম্মেদ)
পরিচালক (অপারেশন ও সমন্বয়)